

বুয়েটের ৮৫ কোটি ১৬ লাখ টাকার বাজেট পাস

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের
(বুয়েট) ২০১২-১৩ অর্থবছরের জন্য
৮৫ কোটি ১৬ লাখ টাকার বাজেট
অনুমোদন করা হয়েছে। একইসাথে গত
২০১১-১২ অর্থবছরের ৮৩ কোটি ৩৬
লাখ টাকার সংশোধিত বাজেট পাস
করা হয়েছে।

গতকাল, শনিবার বুয়েটের
সিন্ডিকেট সভায় এ বাজেট অনুমোদন
করা হয়। এর আগে ২৭ জুন

বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স কমিটি
বাজেট অনুমোদন করে। সভায়
সভাপতিত্ব করেন বুয়েটের ভিসি
অধ্যাপক এ এম এম নজরুল ইসলাম।
যেট বাজেটের ৮৫ কোটি ১৬ লাখ
টাকার মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি
কমিশন ৭৫ কোটি ৮০ লাখ টাকা
অনুমোদন দিবে। নিজস্ব আয় নির্ধারণ করা
হয়েছে ৫ কোটি ৮০ লাখ টাকা। বাজেট
খাটো দাঁড়িয়েছে তিন কোটি ৫৬ লাখ
টাকা। বাজেটে শিক্ষক, কর্মকর্তা ও
কর্মচারীদের বেতন ভাতা খাতে ৫১
কোটি টাকা, পেনশন খাতে ৯ কোটি
টাকা, সাধারণ আনুষঙ্গিক খাতে ১৩
কোটি ৩৩ লাখ টাকা, শিক্ষা আনুষঙ্গিক
খাতে ৮ কোটি ১২ লাখ টাকা নির্ধারণ
করা হয়েছে।